গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
প্রবাসী কল্যাণ শাখা
www.sirajganj.gov.bd

**এপ্রিল ২০২৪ মাসে অনুষ্ঠিত জেলা মানব পাচার প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মীর মোহাম্মদ মাহবুবুর রহমান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৫ এপ্রিল ২০২৪ |
| সভার সময় | বেলা ২:১৫ ঘটিকা |
| স্থান | শহিদ এ. কে. শামসুদ্দিন সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | **পরিশিষ্ট-ক** |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), সিরাজগঞ্জ সভায় গত মার্চ ২০২৪ মাসের সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থিত সকলকে আলোচনার অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | পুলিশ ভেরিফিকেশন ও পাসপোর্ট প্রদান (আঞ্চলিক পাসপোর্ট অফিস, সিরাজগঞ্জ) | অতিরিক্ত জেলা প্রশাসক(উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), সিরাজগঞ্জ সভায় বিদেশ গমনকারীদের নির্ধারিত সময়ে পুলিশ ভেরিফিকেশন ও পাসপোর্ট প্রদানের কার্যক্রম অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, সিরাজগঞ্জ সভাকে অবহিত করেন যে, মার্চ ২০২৪ মাসে ২৭৮৪ টি পাসপোর্ট ইস্যু করা হয়েছে। পাসপোর্টের প্রয়োজনীয় কার্যক্রম বিষয়ে সেবাগ্রহীতাদের মধ্যে কাউন্সেলিং করা হচ্ছে। সুষ্ঠ ও সেবাবান্ধব পরিবেশে পাসপোর্টের কার্যক্রম চলমান রয়েছে। | সভায় সর্বসম্মতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে পুলিশ ভেরিফিকেশন ও পাসপোর্ট প্রদানের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পুলিশ সুপার সিরাজগঞ্জ<br>২। সহকারী পরিচালক আঞ্চলিক পাসপোর্ট অফিস, সিরাজগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | বিদেশ গমনের জন্য ডাটাবেজে নাম নিবন্ধন ও ফিংগার প্রিন্ট ডাটা এন্ট্রি সংক্রান্ত সেবা প্রদান (জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস সিরাজগঞ্জ) | সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিরাজগঞ্জ সভায় অবহিত করেন যে, মার্চ ২০২৪ মাসে বিদেশগামী কর্মীদের বিএমটির অনলাইন ডাটাবেজে মোট ৩,৬১৮ টি (পুরুষ ৩,৫৪০ জন ও মহিলা ৭৮ জন) নাম নিবন্ধন করা হয়েছে এবং একই ডাটাবেজে ফিংগার প্রিন্ট ডাটা এন্ট্রি করা হয়েছে ১০২৭ টি (পুরুষ ৯৫৭ জন ও মহিলা ৭০ জন)। সভাপতি সেবাগ্রহীতার নাম নিবন্ধন ও ডাটাবেজে ফিংগার প্রিন্ট ডাটা এন্ট্রির কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। | যথাযথভাবে সেবা গ্রহীতাদের নাম নিবন্ধন ও ফিংগার প্রিন্টসহ সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস সিরাজগঞ্জ |
| ৩ | মানব পাচার প্রতিরোধ ও দমন (পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ) | পুলিশ সুপার, সিরাজগঞ্জ সভাকে অবহিত করেন যে, মার্চ ২০২৪ মাসে মানব পাচার প্রতিরোধ ও দমন আইনে কোন মামলা রুজু হয় নাই। এ জেলার সকল থানার পুলিশ কর্মকর্তা ও পুলিশ সদস্য মানব পাচার প্রতিরোধে সক্রিয় আছে। | মানব পাচার প্রতিরোধ ও দমন আইনে মামলা হলে দ্রুত আইনি ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পুলিশ সুপার সিরাজগঞ্জ<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা সকল থানা সিরাজগঞ্জ |
| ৪ | মানব পাচার সংক্রান্ত মামলার তথ্য (বিজ্ঞ পি পি, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-২, সিরাজগঞ্জ) | বিজ্ঞ পিপি কর্তৃক সভায় উপস্থাপিত মার্চ ২০২৪ মাসের মানব পাচার সংক্রান্ত মামলার তথ্য: (১) পূর্ববর্তী মাস হতে আগত মামলার সংখ্যা-৬৫ টি (২) চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা-০১ টি (৩) মোট মামলার সংখ্যা-৬৬ টি (৪) চলতি মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা-০১ টি (৫) মাস শেষে অনিষ্পন্নকৃত মামলার সংখ্যা-৬৫ টি। সভাপতি অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিজ্ঞ পি পি, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-২ সিরাজগঞ্জ |
| ৫ | মানব পাচার প্রতিরোধে কার্যক্রম (জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, সিরাজগঞ্জ) | জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ সভাকে অবহিত করেন যে, মার্চ২ ২০২৪ মাসে জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা একাডেমী সুপারভাইজার, সহকারী পরিদর্শক ও গবেষণা কর্মকর্তাগণ কর্তৃক মোট ৯০টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে ছাত্র/ছাত্রীদের মধ্যে মানব পাচারের কুফল ও প্রতিরোধ সর্ম্পকে আলোচনা করা করা হয়েছে। সভাপতি তার বিভাগের কার্যক্রমের ধারাকে অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | মানব পাচার প্রতিরোধে তাঁর বিভাগের কার্যক্রমের ধারাকে অব্যাহত রাখতে হবে। | জেলা শিক্ষা অফিসার সিরাজগঞ্জ |
| ৬ | মানব পাচার প্রতিরোধে কার্যক্রম (জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ) | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ সভাকে অবহিত করেন যে, মার্চ ২০২৪ মাসে ০৪ টি উদ্বুদ্ধকরণ সভায় ১৬০ জন অংশগ্রহণকারীদের মধ্যে মানব পাচার প্রতিরোধে সচেতনতামূলক আলোচনা করা হয়েছে। | মানব পাচার প্রতিরোধে তাঁর বিভাগের কার্য ক্রমের ধারাকে অব্যাহত রাখতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | মানব পাচার প্রতিরোধ ও প্রবাসী/ অভিবাসীদের কল্যাণে কার্যক্রম (মাইগ্রেশন প্রোগ্রাম, ব্র্যাক, সিরাজগঞ্জ | মাইগ্রেশন প্রোগ্রাম, ব্র্যাক, সিরাজগঞ্জ এর মার্চ ২০২৪ মাসের প্রতিবেদন অনুযায়ী বিদেশ ফেরত/অভিবাসী/প্রবাসীদের কল্যাণের কার্যক্রম: (১) বিদেশ ফেরতদের পুনরেত্রীকরণ ও অভিবানের সহায়তার জন্য চিহ্নিত করা হয়েছে ৬৩ জন (২) বিদেশ ফেরত অভিবাসীদের প্রোফাইল করা হয়েছে ৬৩ টি (৩) সেন্টার অফিসে অভিবাসন বিষয়ে তথ্য ও সেবা প্রদান করা হয়েছে ১৮ জনকে (৪) মানসিকভাবে ভেঙ্গে পাড়া বিদেশ ফেরত প্রাথমিকভাবে মনোসামাজিক কাউন্সেলিং প্রদান করা হয়েছে ০৫ জন। এছাড়া বিদেশ ফেরত/প্রবাসী/অভিবাসীদের কল্যাণে বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি মানব পাচার প্রতিরোধ ও প্রবাসী/অভিবাসীদের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে মর্মে প্রত্যাশা করেন। | মানব পাচার প্রতিরোধ ও বিদেশ ফেরত/প্রবাসী/অভিবাসীদের কল্যাণে কাজ করতে হবে। | ডিস্ট্রিক কো-অডিনেটর, মাইগ্রেশন প্রোগ্রাম, ব্র্যাক, সিরাজগঞ্জ |
| ৮ | সহকারী কমিশনার প্রবাসী কল্যাণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ | সদস্য-সচিব সভায় এ জেলার সকল উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটিকে প্রতি মাসে নিয়মিত সভা এবং মানব পাচার প্রতিরোধে কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জকে অনুরোধ করেন। | উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটি প্রতিমাসে নিয়মিত সভা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) সিরাজগঞ্জ |

২.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১-০৪-২০২৪
মীর মোহাম্মদ মাহবুবুর রহমান
জেলা প্রশাসক
০২৫৮৮৮৩০৩৩৫
dcsirajganj@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৩.৮৮০০.০১৩.০৬.০০১.২৩.২০

তারিখ: ৮ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ;
২। সচিব, সচিবের দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়;
৩। সচিব, সচিবের দপ্তর, আইন ও বিচার বিভাগ;
৪। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৫। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ;
৬। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, সিরাজগঞ্জ;
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ;
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), সিরাজগঞ্জ;
৯। মেয়র, সিরাজগঞ্জ পৌরসভা, সিরাজগঞ্জ;
১০। উপজেলা নির্বাহী অফিসার, কামারখন্দ, সিরাজগঞ্জ;

১১। উপজেলা নির্বাহী অফিসার, কাজীপুর, সিরাজগঞ্জ;
১২। উপজেলা নির্বাহী অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ;
১৩। উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ;
১৪। উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
১৫। উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ;
১৬। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ;
১৭। উপজেলা নির্বাহী অফিসার, চৌহালি, সিরাজগঞ্জ;
১৮। উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ;
১৯। অধ্যক্ষ, সিরাজগঞ্জ সরকারি কলেজ/আইএমটি/টিটিসি, সিরাজগঞ্জ;
২০। জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্টের কার্যালয়, সিরাজগঞ্জ;
২১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।;
২২। সহকারী কমিশনার, প্রবাসী কল্যাণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ;
২৩। উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিরাজগঞ্জ;
২৪। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিরাজগঞ্জ;
২৫। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিরাজগঞ্জ;
২৬। উপ পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিরাজগঞ্জ;
২৭। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিরাজগঞ্জ;
২৮। উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, সিরাজগঞ্জ;
২৯। উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিরাজগঞ্জ;
৩০। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিরাজগঞ্জ;
৩১। জেলা শিক্ষা কর্মকর্তা, সিরাজগঞ্জ;
৩২। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি কার্যালয়, সিরাজগঞ্জ;
৩৩। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমী, সিরাজগঞ্জ;
৩৪। জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, সিরাজগঞ্জ;
৩৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর থানা/জি আর পি থানা, সিরাজগঞ্জ;
৩৬। সভাপতি, জেলা বার কাউন্সিল, সিরাজগঞ্জ;
৩৭। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, কালীবাড়ী রোড, সিরাজগঞ্জ;
৩৮। প্রজেক্ট অফিসার, আরডিআরএস বাংলাদেশ, সিরাজগঞ্জ;
৩৯। জনাব মোঃ আব্দুর রউফ পাতা, ভিক্টোরিয়া স্কুল রোড, সিরাজগঞ্জ;
৪০। সভাপতি, জেলা প্রেস ক্লাব, সিরাজগঞ্জ;
৪১। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর (নারী ও শিশু), সিরাজগঞ্জ;
৪২। ব্যবস্থাপক, প্রবাসী কল্যাণ ব্যাংক, সিরাজগঞ্জ;
৪৩। পরিচালক, শিক্ষা স্বাস্থ্য উন্নয়ন কার্যক্রম (শিসউক), সিরাজগঞ্জ;
৪৪। পরিচালক, ডেভেলপমেন্ট ফর ডিজ এডভানটেজ পিপুল (ডিডিপি), সিরাজগঞ্জ;
৪৫। নির্বাহী পরিচালক, ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি);
৪৬। পরিচালক, গণ কল্যাণ সংস্থা (জিকেএস), সিরাজগঞ্জ );
৪৭। পরিচালক, মানব মুক্তি সংস্থা (এমএমএস), সিরাজগঞ্জ এবং
৪৮। ..............................................................................., সিরাজগঞ্জ।

২১-০৪-২০২৪
মীর মোহাম্মদ মাহবুবুর রহমান
জেলা প্রশাসক